গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
(স্থানীয় সরকার শাখা)
মাদারীপুর।
www.madaripur.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪১.৫৪০০.১১১.০১.০১১.২০- ৭৫

তারিখ : ২৮ মাঘ ১৪২৭
০৯ ফেব্রুয়ারি ২০২১

**দরপত্র বিজ্ঞপ্তি :**

২০২০-২০২১ অর্থ বছরে মাদারীপুর জেলার ইউনিয়ন পরিষদসমূহে কর্মরত দফাদার ও মহল্লাদারগণের জন্য নিম্নে "খ" তফসিল বর্ণিত সরঞ্জামাদি সরবরাহের নিমিত্ত উপযুক্ত সরঞ্জামাদি সরবরাহকারী ঠিকাদারের নিকট হতে (পিপিআর-২০০৮) এর নিয়মানুসারে নিম্নলিখিত শর্তানুযায়ী সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা হয়েছে।

**তফসিল-"ক"**

| ক্র/নং | বিবরণ | বিস্তারিত |
|---|---|---|
| ০১ | মন্ত্রণালয়/বিভাগ | স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| ০২ | দরপত্র আহবানকারী প্রতিষ্ঠান | জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর |
| ০৩ | সংগ্রহকারী সত্তা | জেলা প্রশাসক, মাদারীপুর |
| ০৪ | সংগ্রাহক সত্তার জেলা | মাদারীপুর |
| ০৫ | কাজের নাম | ২০২০-২১ অর্থ বছরে গ্রাম পুলিশদের (দফাদার ও মহল্লাদার) বর্ণিত সরঞ্জামাদি সরবরাহ। |
| ০৬ | সংগ্রহ পদ্ধতি | উন্মুক্ত দরপত্র (ওটিএম) |
| ০৭ | সংগ্রহের উৎস ও বরাদ্দের কোড | মঞ্জুরী সহায়তা খাত কোড নং ১৩৭০১০১/১২০০০১৩০৮/৩৬৩১১০৩। |
| ০৮ | দরপত্র সিডিউল বিক্রির শেষ তারিখ | ০৭-০৩-২০২১ খ্রি. (অফিস চলাকালীন পর্যন্ত) |
| ০৯ | দরপত্র গ্রহণের তারিখ, সময় ও স্থান | ০৯-০৩-২০২১ খ্রি. বেলা ১২-০০ টা (সীলগালাকৃত খামে)<br>স্থান : উপপরিচালক, স্থানীয় সরকার, মাদারীপুর এর অফিস কক্ষে। |
| ১০ | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | ১১-০৩-২০২১ তারিখ বেলা ১২-০০ টা উপস্থিত দরপত্র দাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে)<br>স্থান : উপপরিচালক, স্থানীয় সরকার, মাদারীপুর এর অফিস কক্ষে। |
| ১১ | দরপত্র বিক্রয়কারী অফিসের নাম ও ঠিকানা | ১। বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।<br>২। জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), মাদারীপুর।<br>৩। পুলিশ সুপারের কার্যালয়, মাদারীপুর।<br>৪। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মাদারীপুর সদর/রাজৈর/কালকিনি/শিবচর, মাদারীপুর। |
| ১২ | দরপত্র গ্রহণকারী অফিসের নাম ও ঠিকানা | ১। বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।<br>২। জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), মাদারীপুর।<br>৩। পুলিশ সুপারের কার্যালয়, মাদারীপুর। |
| ১৩ | দরপত্র দাতার যোগ্যতা | ক) দরপত্র দাতার বিগত ০৩ (তিন) বছরের মধ্যে যে কোন ০১ (এক) বছরে নুন্যতম ৩৫,০০,০০০/- (পঁয়ত্রিশ লক্ষ) টাকার মুল্যে বিজিবি/পুলিশ/আনছার ও ভিডিপি/দফাদার/মহল্লাদারদের বর্ণিত সরঞ্জামাদি সরবরাহ কাজের অভিজ্ঞতার সনদ থাকতে হবে।<br>খ) বিগত শেষ তিন মাসের ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা ব্যাংক তারল্যর সনদ থাকতে হবে।<br>গ) হালনাগাদ এতদসংক্রান্তে বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট, রেজিস্টেশন সনদ, টিআইএনসহ আয়কর পরিশোধের সনদ থাকতে হবে।<br>ঘ) দরপত্র সিডিউলের সাথে সংযুক্ত বিস্তারিত শর্তাবলী নিরিখে প্রতিষ্ঠানকে যোগ্য হতে হবে। |
| ১৪ | জামানতের টাকা | দরপত্রের সাথে প্রদত্ত দরের ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) হারে যে কোন তফসিল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জেলা প্রশাসক, মাদারীপুর এর অনুকূলে জমা দিতে হবে। |
| ১৫ | কার্য সম্পাদনের তারিখ | কার্যদেশ জারীর ২৮ (আটাশ) দিনের মধ্যে। |
| ১৬ | দরপত্র সিডিউলের ক্রয় মূল্য | ২,০০০/- (দুই হাজার) টাকা অ-ফেরতযোগ্য (ফটোকপি গ্রহণযোগ্য নহে) |

১৭। **সংগ্রহকারী সত্তার বিবরণী :**

| | | |
|---|---|---|
| ক) | সংগ্রহকারী সত্তার বিবরণী | ড. রহিমা খাতুন |
| খ) | সংগ্রহকারী সত্তার পদবী | জেলা প্রশাসক, মাদারীপুর |
| গ) | সংগ্রহকারী সত্তার ঠিকানা | জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর |
| ঘ) | সংগ্রহকারী সত্তার টেলিফোন নম্বর : | ০৬৬১-৬২৭৭৭ |

**তপসিল-"খ"**

| ক্র/নং | মালামা/সরঞ্জামাদির বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ০১ | দফাদার ও মহল্লাদারদের চলাচলের জন্য স্বনামধন্য ব্যান্ডের উন্নতমানের বাইসাইকেল (প্রদত্ত নমুনা অনুসারে) | ৫৫৮ টি |

**বি: দ্র:**

১। ক্রমিক নং- ০১ সরঞ্জামাদির নমুনা দরপত্র দাখিলকারীগণ দরপত্র খোলার দিনে দাখিল করবেন।
২। কর্তৃপক্ষ যে কোন কারণে যে কোন দরপত্র আংশিক বা সম্পূর্ণ গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
৩। দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্যাবলী জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা হতে জানা যাবে।

৯/২/২০২১
( আজহারুল ইসলাম )
উপপরিচালক
স্থানীয় সরকার, মাদারীপুর।

স্মারক নম্বর-০৫.৪১.৫৪০০.১১১.০১.০০৬.১৯- ৯৫/১(৮০)

তারিখ : ২৬ মাঘ ১৪২৭
০৯ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

৩। জেলা প্রশাসক .................. (সকল), বহুল প্রচারের অনুরোধসহ।
৪। পুলিশ সুপার, মাদারীপুর।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মাদারীপুর।
৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত/সড়ক ও জনপথ বিভাগ/এলজিইডি, মাদারীপুর।
৭। মেয়র ................পৌরসভা (সকল), মাদারীপুর।
৮। উপজেলা নির্বাহী অফিসার, ....................... (সকল), মাদারীপুর।
৯। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মাদারীপুর।
১০। জেলা তথ্য অফিসার, মাদারীপুর।
১১। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ............................ । আগামী ....................... তারিখের মধ্যে (৩/৮ ইঞ্চির মধ্যে) একদিনের জন্য উপর্যুক্ত দরপত্র বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো। প্রকাশিত পত্রিকার ০৪ (চার) কপি নিম্ন-স্বাক্ষরকারীর বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৯/২/২০২১
উপপরিচালক
স্থানীয় সরকার
মাদারীপুর।

**২০২০-২১ অর্থ বছরে মাদারীপুর জেলাধীন ৬০ (ষাট) টি ইউনিয়ন পরিষদে কর্মরত দফাদার ও মহল্লাদারদের চলাচলের জন্য স্বনামধন্য ব্যান্ডের উন্নতমানের সাইকেল সরবরাহের সিডিউল :**

| ক্র/নং | স্বনামধন্য ব্যান্ডের উন্নতমানের সাইকেলের বিবরণ | সংখ্যা | প্রতিটি একক মূল্য |
|---|---|---|---|
| ০১ | দফাদার ও মহল্লাদারদের চলাচলের জন্য স্বনামধন্য ব্যান্ডের উন্নতমানের সাইকেল, স্থানীয় সরকার বিভাগ, ইপি-০২ শাখার ১০ ফেব্রুয়ারি তারিখের ৪৬.০১৮.০১১.০০.০০.০০২.২০১১-১০৭নং স্মারকের মাধ্যমে প্রেরিত পত্রের আলোকে। | ৫৫৮ টি | প্রতিটির একক মূল্য= |

খ) দাখিলকৃত জামানতের পরিমান দরপত্র দাতা কর্তৃক দরের ৩% টাকা মাত্র।
০১। ব্যাংকের নাম -----------------------------------
০২। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নং ---------------- তারিখ : -------------------
০৩। টাকার পরিমান -------------------------------------------
গ) দাখিলকৃত নমুনার বিবরণ :

| |
|---|
| ১। |

দরপত্র বিজ্ঞপ্তি ও সিডিউলের সকল শর্তাবলী মেনে নিয়ে আমি এ দরপত্র দাখিল করলাম।

দরদাতার স্বাক্ষর :
পূর্ণ নাম :
সীল ও তারিখ :

## দরপত্রের নিয়ম ও শর্তাবলী :

০১। দরপত্র অবশ্যই সীলমোহরযুক্ত খামে দাখিল করতে হবে এবং খামের উপর দফাদার ও মহল্লাদারদের সাইকেল সরবরাহের দরপত্র লিখিতভাবে উল্লেখ থাকতে হবে।

০২। দরপত্রের সাথে জেলা প্রশাসক, মাদারীপুর এর অনুকূলে দরদাতা কর্তৃক প্রদত্ত দরের ৩% হারে যে কোন সিডিউল ব্যাংকের ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডারবিহীন দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। গৃহিত দরপত্র দাতা কার্যাদেশের শর্ত মোতাবেক কাজ করতে ব্যর্থ হলে উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করে কার্যাদেশ বাতিল করা হবে।

০৩। দফাদার ও মহল্লাদারদের চলাচলের জন্য সাইকেল সরবরাহ করতে হবে। ঠিকাদার নিজ ব্যয়ে প্রতিটি উপজেলায় সাইকেল পৌছে দিবেন এবং এ মর্মে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রত্যয়ন সংগ্রহ করবেন। উক্ত প্রত্যয়ন ব্যতিত বিল প্রদান করা হবে না।

০৪। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না।

০৫। সাইকেল নিজ ব্যয়ে ঠিকাদারকে প্রাথমিকভাবে জেলা প্রশাসকের কার্যালয়ে সরবরাহ করতে হবে। গুণগতমান যাচাইয়ের পর তা যথাযথ প্রাপ্তি সাপেক্ষে সেগুলো প্রতিটি উপজেলায় পৌছাতে হবে।

০৬। দরপত্রের সাথে সাইকেলের ০১ (এক) টি নমুনা জমা দিতে হবে।

০৭। দরপত্রে উল্লিখিত আইটেমের মূল্য অংকে ও কথায় স্পষ্টাক্ষরে লিখতে হবে।

০৮। কর্তৃপক্ষ কর্তৃক গৃহিত দরপত্র দরদাতা অবহিত হওয়ার তিন দিনের মধ্যে ১০% পারফরমেন্স সিকিউরিটি বাবদ জেলা প্রশাসক, মাদারীপুর এর অনুকূলে জমা দেয়ার পর ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্টাম্পের উপর শর্ত মোতাবেক সাইকেল সরবরাহ করা হবে মর্মে অঙ্গীকারনামা সম্পাদন করে এ অফিসে জমা দেয়ার পর কার্যাদেশ প্রদান করা হবে।

০৯। কার্যাদেশ প্রাপ্তির ২৮ (আটাশ) দিনের মধ্যে গৃহীত দরপত্রদাতা/ঠিকাদারকে সাইকেল সরবরাহ করতে হবে। আংশিক মালামাল গ্রহণ বা আংশিক বিল প্রদান করা হবে না। সরবরাহকৃত সাইকেলের কোন সমস্যা/ত্রুটি হলে প্রয়োজন অনুসারে উহা অবহিত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে পরিবর্তন করে সঠিকভাবে পুণরায় সরবরাহ করে দিতে হবে।

১০। গৃহীত দরপত্র দাতা কর্তৃক সরবরাহকৃত সাইকেলের গুনাগুণ নিম্মমানের হলে (অনুমোদিত নমুনার চেয়ে) উহা গ্রহণ করা হবে না এবং কার্যাদেশ বাতিলপূর্বক জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।

১১। গৃহীত দরপত্র দাতা/ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত স্বনামধন্য ব্যান্ডের সাইকেল উন্নতমানের মর্মে কমিটি কর্তৃক বিবেচিত ও গৃহীত হওয়ার পর বিভাজন মোতাবেক সাইকেল নিজ ব্যয়ে ঠিকাদারকে সংশ্লিষ্ট সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সরবরাহ করে প্রাপ্তি স্বীকার পত্র এ অফিসে জমা দিতে হবে।

১২। কোনক্রমেই ত্রুটিপূর্ণ দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্র সিডিউল ও সংযুক্ত আনুষঙ্গিক কাগজপত্রের প্রতিটি পাতায় দরপত্র দাতাকে স্বাক্ষর করতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা ও ওভাররাইটিং বা অস্পষ্টতা থাকলে তা বাতিল বলে গণ্য হবে।

১৩। দরপত্রে উল্লিখিত সাইকেলের পরিমান দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত পরিমানের কম বা বেশী অথবা যে কোন পরিবর্তন হতে পারে। তাতে ঠিকাদার ঠিকাদার কোন আপত্তি করতে পারবেন না এবং তিনি গৃহীত মুল্যে নির্দিষ্ট সংখ্যক সাইকেল সরবরাহ করতে বাধ্য থাকবেন। এ বিষয়ে সম্পূর্ণ বা আংশিক বাদ দিলেও ঠিকাদার কোন প্রকার আপত্তি করতে পারবেন না।

১৪। আয়কর ও ভ্যাটসহ সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য পাওনাদি বিধি মোতাবেক ঠিকাদারের চূড়ান্ত বিল হতে কর্তন করে রাখা হবে।

১৫। ঠিকাদারের বিল হতে জামানত বাবদ ১০% অর্থ কর্তন করে রাখা হবে এবং কর্তনকৃত উক্ত ১০% টাকা চূড়ান্ত বিল পরিশোধের ০৩ (তিন) মাস অতিবাহিত হওয়ার পূর্বে ফেরত প্রদান করা হবে না। উক্ত সময় অতিবাহিত হওয়ার পর সাইকেলের গুণগতমান সঠিক আছে মর্মে সকল উপজেলা নির্বাহী অফিসার হতে সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে উক্ত অর্থ ফেরত প্রদান করা হবে।

১৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ/বাতিল অথবা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

2/2/2021

(আজহারুল ইসলাম)
উপপরিচালক
স্থানীয় সরকার, মাদারীপুর।